



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মোংলা কাস্টম হাউস, মোংলা।

ই-মেইল: monglacustoms@gmail.com

নথি নং-এস/৬২/সংস্থা/মোংলা/৮১-৮২/(অংশ-২)/

তারিখঃ

অফিস আদেশ

সূত্রঃ এ দপ্তরের নথি পত্র নং-এস/৬২/সংস্থা/মোংলা/৮১-৮২/(অংশ-২)/১১৯৯

তারিখঃ ০৯/০২/২০২২খ্রিঃ

সূত্রোক্ত আদেশ মূলে বাণিজ্যিক ভিত্তিতে আমদানীয় পণ্য চালান দ্বিতীয় শুল্কায়ন পদ্ধতিতে খালাসের জন্য কমিশনার এবং কমিশনার এর অনুপস্থিতিতে অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনার পর্যায়ে অনুমোদন গ্রহণের নির্দেশনা জারী করা হয়। তবে কিছু কিছু পণ্য বাণিজ্যিক ভিত্তিতে যথা: Coal (H.S Code 2701.19.00), Potassium Sulphate (H.S Code 3104.30.00), Magnesium Sulphates (H.S Code 2833.21.00), Ammonium Sulphate (H.S Code 3102.21.00), DAP (H.S Code 3105.30.00), Urea (H.S Code 3102.10.00), TSP (H.S Code 3103.11.10), MOP (H.S Code 3104.30.00), Gypsum (H.S Code 2520.10.10), Zink Sulphate (H.S Code 2833.29.10), Wheat (H.S Code 1001.99.90), Maize (H.S Code 1005.90.90), Stone chips (H.S Code 2517.10.90), Chickpeas (H.S Code 0713.20.90), Rice (H.S Code 1006.20.00) সাধারণত বাক্স জাহাজে আমদানি হয় এবং শুল্কায়ন প্রক্রিয়ায় পিও অন বোর্ড এর উপস্থিতিতে এ দপ্তরের তালিকাভুক্ত সার্ভেয়ার এর মাধ্যমে সার্ভে ও পরবর্তীতে খালাস হয়ে থাকে, ক্ষেত্রমতে The Customs Act, 1969 -এর বিধানমতে সাময়িক শুল্কায়ন করা হয়। এমতাবস্থায়, বর্ণিত পণ্যসমূহ বাণিজ্যিকভাবে আমদানির ক্ষেত্রে The Customs Act, 1969 -এর ধারা ৮০(২) সহ প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করে উপ/সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন এর অনুমোদন দেয়া যাবে এবং এ সকল পণ্যের বাণিজ্যিক আমদানির ক্ষেত্রে সূত্রোক্ত আদেশ প্রযোজ্য হবে না। তবে উক্ত রূপ পণ্যচালানের ক্ষেত্রে গোপন বা বিরূপ সংবাদ বা অভিযোগ থাকলে তা প্রথম শুল্কায়ন (First Appraisalment) পদ্ধতিতে শুল্কায়নসহ অন্যান্য আইনানুগ কার্যক্রম সম্পন্ন করে শুল্কায়ন সম্পন্ন করতে হবে।

০২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর

মোহাম্মদ নেয়াজুর রহমান
কমিশনার (চলতি দায়িত্ব)
মোংলা কাস্টম হাউস, মোংলা

নথি নং-এস/৬২/সংস্থা/মোংলা/৮১-৮২/(অংশ-২)/ ১৪৫২

তারিখঃ

20 FEB 2022

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। যুগ্ম কমিশনার/ডেপুটি কমিশনার/সহকারী কমিশনার(সকল), মোংলা কাস্টম হাউস, মোংলা।
- ২। সহকারী প্রোগ্রামার, মোংলা কাস্টম হাউস, মোংলা, (অবগত করণসহ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), মোংলা কাস্টম হাউস, মোংলা।
- ৪। শাখা সহকারী(সকল), মোংলা কাস্টম হাউস, মোংলা।
- ৫। পিএ টু কমিশনার, মোংলা কাস্টম হাউস, মোংলা।
- ৬। নোটিশ বোর্ড, মোংলা কাস্টম হাউস, মোংলা।
- ৭। অফিস কপি।

২০/০২/২০২২

মোঃ মেহেবুব হক
ডেপুটি কমিশনার
মোংলা কাস্টম হাউস, মোংলা